দৈনিক সংবাদ

২১/১১/২০০১

তারিখ ... পৃষ্ঠা ০৩ ... কলাম ... ৪ ...

# ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা

## ❑ ২৫শে নভেম্বর থেকে ফরম বিতরণ শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০০১-২০০২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তিচ্ছু প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র গ্রহণের তারিখ ঘোষণা করা হয়েছে। ক, খ, গ এবং ঘ—এই চারটি ইউনিটের মাধ্যমে ভর্তির নির্ধারিত আবেদনপত্রের ফরম আগামী ২৫শে নভেম্বর থেকে ব্যাংকের মাধ্যমে বিতরণ শুরু হবে এবং পূরণকৃত ফরম সর্বশেষ আগামী ১২ই ডিসেম্বর পর্যন্ত সংশ্লিষ্ট ইউনিট অফিস কর্তৃক গৃহীত হবে।

যারা ২০০০ ও ২০০১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারাই কেবল ভর্তির জন্য আবেদন করতে পারবে। আবেদনের জন্য নিম্নতম যোগ্যতা হচ্ছে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের উভয় পরীক্ষায় ২য় বিভাগসহ দুই পরীক্ষায় একত্রে খ-ইউনিট ও গ-ইউনিটের ক্ষেত্রে সর্বমোট ১১৫০ নম্বর এবং ক-ইউনিটের ক্ষেত্রে সর্বমোট ১৩৫০ নম্বর। ঘ-ইউনিটের ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় বাংলা ও ইংরেজির সর্বমোট নম্বরের (গ্রেস নম্বর ছাড়া) অন্তত ৫০% পেতে হবে। এই ইউনিটের জন্য উচ্চ মাধ্যমিক/আলিম বিজ্ঞান শাখা এবং গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে আগত ছাত্রছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সর্বমোট ১৩৫০ নম্বর এবং কলা ও বাণিজ্য শাখা থেকে আগত ছাত্রছাত্রীদের সর্বমোট ১১৫০ নম্বর পেতে হবে। 'ও' লেভেলে ৪টি বিষয় এবং ২০০০ অথবা ২০০১ সালের 'এ' লেভেলে ২টি বিষয়ে উত্তীর্ণ এবং এই ৬টির মধ্যে অন্তত ৪টিতে 'বি' গ্রেড এবং ২টিতে 'সি' গ্রেডপ্রাপ্ত ছাত্রছাত্রীরাও ভর্তির জন্য আবেদন করতে পারবে।

জনতা ব্যাংক, টিএসসি শাখা থেকে 'খ' ও 'ঘ' ইউনিটের ফরম, অগ্রণী ব্যাংক, কার্জন হল শাখা থেকে 'ক' ইউনিটের ফরম এবং সোনালী ব্যাংক, ঢা.বি. প্রশাসনিক ভবন শাখা থেকে 'গ' ইউনিটের ফরম বিতরণ করা হবে। সকল ইউনিটের জন্য ভর্তি পরীক্ষার ফিস নির্ধারণ করা হয়েছে ২৫০ টাকা। সকল ইউনিটের ভর্তি পরীক্ষা এমসিকিউ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার পাস নম্বর ৪০।

ভর্তি পরীক্ষার তারিখ হচ্ছে ঃ ক-ইউনিট ২৫শে জানুয়ারি, খ-ইউনিট ১৮ই জানুয়ারি, গ-ইউনিট ১১ই জানুয়ারি এবং ঘ-ইউনিট ১লা ফেব্রুয়ারি ২০০২।

### রেজিস্টার্ড গ্রাজুয়েটদের জ্ঞাতব্য

ঢাকা বিশ্ববিদ্যালয় আজীবন রেজিস্টার্ড গ্রাজুয়েটদের মধ্যে যারা ল্যামিনেটেড পরিচয়পত্র পাওয়ার জন্য স্ট্যাম্প সাইজ ছবি জমা দিয়েছেন তাদের ল্যামিনেটেড পরিচয়পত্র তৈরি করা হয়েছে। পরিচয়পত্র বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের ২০৭ নং কক্ষ হতে অফিস চলাকালে ব্যক্তিগতভাবে সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো হয়েছে।

উল্লেখ্য, আজীবন রেজিস্টার্ড গ্রাজুয়েটদের মধ্যে ল্যামিনেটেড পরিচয়পত্র পাওয়ার জন্য যারা স্ট্যাম্প সাইজ ছবি জমা দেননি তাদেরকে আগামী ১০ই ডিসেম্বরের মধ্যে এক কপি পাসপোর্ট সাইজ ছবি সত্যায়িত করে তৎসঙ্গে আরো দুই কপি স্ট্যাম্প সাইজের ছবিসহ নির্ধারিত ফরম পূরণ করে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের ২০৭ নং কক্ষে জমা দেয়ার জন্য অনুরোধ জানানো হয়েছে।

### প্রাণরসায়ন ভবন

শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণরসায়ন ও মলিকুলার বায়োলজি বিভাগের নবনির্মিত ভবনের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ.কে আজাদ চৌধুরী প্রধান অতিথি হিসেবে নবনির্মিত ভবনটি উদ্বোধন করেন। উপ-উপাচার্য অধ্যাপক মো. শাহাদাত আলী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন।

প্রাণরসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ উদ্বোধনী অনুষ্ঠানে জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক এজেডএম নওশের আলী খান, বিভাগীয় শিক্ষকবৃন্দ এবং ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, উপাচার্য অধ্যাপক এ. কে আজাদ চৌধুরী ১৯৯৮ সালের ৪ঠা অক্টোবর ভবনটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। সংবাদ বিজ্ঞপ্তি।